



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/..২.২.৪২/..নথি নং-সাতক্ষীরা-৪৮

তারিখঃ ২০/০১/২০১৯খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি কেন বাতিল করা হবে না সে বিষয়ে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/২২২২/৫ নথি নং-সাতক্ষীরা-৪৮; তারিখঃ ২৫/১১/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলাধীন কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোঃ অহিদুল ইসলাম তার চাকরি ফেরৎ পাওয়ার জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশান নং- ৯৪৭৩/২০১৮ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট কর্তৃক ৩০(ত্রিশ) দিনের মধ্যে আবেদনের বিষয়টি বোর্ড কর্তৃক নিষ্পত্তি করার জন্য আদেশ দেন বিধায় বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/২২২২/৫ নথি নং-সাতক্ষীরা-৪৮; তারিখঃ ২৫/১১/২০১৮খ্রিঃ দ্বারা মাদ্রাসার (১) ম্যানেজিং কমিটির সভাপতি, (২) সুপার, এবং (৩) মোঃ অহিদুল ইসলাম, সহকারী শিক্ষক (কম্পিউটার) কে ০৩/১২/১৮ খ্রিঃ তারিখে শুনানীতে অংশগ্রহণ করার জন্য পত্র দেওয়া হয়। সে মোতাবেক উপস্থিত সংশ্লিষ্টদের শুনানী গ্রহন করা হয়।

শুনানীতে প্রাপ্ত তথ্য অনুযায়ী জনাব মোঃ অহিদুল ইসলাম-এর কথিত পদত্যাগ পত্রের বিরুদ্ধে মামলা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়ার পূর্বে অর্থাৎ মামলা চলমান থাকা অবস্থায় বিগত ১৮-১২-২০১২ ইং তারিখে জনৈক জুলেখা খাতুনকে নিয়োগ ও পুনরায় তাকে (জুলেখা খাতুনকে) ১১/০১/২০১৪ ইং তারিখে (শিক্ষক প্রতিনিধি হিসাবে নিয়োগ বোর্ড গঠনে জুলেখা খাতুনকে উপস্থিত রেখে) অবৈধভাবে কম্পিউটার শিক্ষক পদে ম্যানেজিং কমিটি কর্তৃক নিয়োগ দেয়া হয়েছে মর্মে বোর্ডের নিকট প্রতীয়মান হয়। সে কারণে মাদ্রাসার ম্যানেজিং কমিটি কেন প্রবিধানের ৩৮(১) ধারা মোতাবেক বাতিল করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ৩০ দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রঃ

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি, কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসা, কালীগঞ্জ, সাতক্ষীরা।

২) সুপার, কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসা, কালীগঞ্জ, সাতক্ষীরা।

নং- বামাশিবো/প্রশাসন/..২.২.৪২/..নথি নং-সাতক্ষীরা-৪৮

তারিখঃ ২০/০১/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, সাতক্ষীরা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, সাতক্ষীরা।
৪. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪